258

দৈনিক ইত্তেফাক

তারিখ OCT 17 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

# কমার্স কলেজ শিক্ষক পরিষদের প্রতিবাদ সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম সরকারী কমার্স কলেজ শিক্ষক পরিষদের এক জরুরী সভায় গত ৩০শে সেপ্টেম্বর কলেজ অধ্যক্ষের কার্যালয়ে হামলা ও ভাংচুরের প্রতিবাদ জানানো হয়। সভায় হামলাকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার উদ্দেশ্যে কলেজের একাডেমিক কাউন্সিলকে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। হামলাকারীদের শাস্তি দেওয়ার জন্য প্রশাসনের প্রতিও আহ্বান জানানো হয়। সভায় ঘটনার প্রতিবাদে শিক্ষক ও প্রশাসনিক কর্মচারীদের মৌন মিছিল এবং কাল ব্যাজ ধারণের কর্মসূচীও গৃহীত হয়। উপাধ্যক্ষ এটি এম সালেহ জহুরের সভাপতিত্বে শিক্ষক মিলনায়তনে অনুষ্ঠিত এই সভায় কলেজকে ভাংচুরের হাত হইতে রক্ষা ও শিক্ষক কর্মচারীদের নিরাপত্তা বিধানকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাবী জানানো হয়।